



## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

### ঘাট/পয়েন্টের ২০১৭-২০১৮ অর্থ বছরের অবশিষ্ট সময়ের ইজারার টেন্ডার বিজ্ঞপ্তি

- ১। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের আরিচা নদী বন্দরের নিয়ন্ত্রণাধীন ফরিদপুর নদী বন্দর (সিএন্ডবি) ঘাট এলাকায় শুষ্ক আদায় ও লেবার হ্যাভলিং পয়েন্টটির ২০১৭-২০১৮ অর্থ বছরের অবশিষ্ট সময়ের (০৪-০৯-২০১৭ তারিখ হতে ৩০-০৬-২০১৮ তারিখ পর্যন্ত) ইজারার ১ম দফা টেন্ডার আগামী ৩০-০৮-২০১৭ তারিখ অনুষ্ঠিত হবে। ঢাকাস্থ প্রধান দপ্তরের (১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০) পরিচালক (হিসাব)-এর নিয়ন্ত্রণাধীন ক্যাশ শাখায় দরপত্রের নির্ধারিত অর্থ পরিশোধ পূর্বক বন্দর ও পরিবহন বিভাগের বন্দর শাখা হতে দরপত্র সংগ্রহ করা যাবে। আরিচা নদী বন্দর নিয়ন্ত্রণ কর্মকর্তার দপ্তর হতেও দরপত্রের নির্ধারিত অর্থ পরিশোধ পূর্বক দরপত্র সংগ্রহ করা যাবে। টেন্ডার সংক্রান্ত যাবতীয় তথ্যাদি/নিয়মাবলী টেন্ডার সিডিউলে উল্লেখ আছে। তাছাড়া বিআইডব্লিউটিএ'র পরিচালক (বন্দর ও পরিবহন), বাঅনৌপক, ঢাকা এর দপ্তর এবং সংশ্লিষ্ট বন্দর নিয়ন্ত্রণ কর্মকর্তার দপ্তর হতেও তথ্যাদি জানা যাবে।
- ২। পরিচালক (বন্দর ও পরিবহন), বাঅনৌপ কর্তৃপক্ষ, ঢাকা-এর দপ্তর, সংশ্লিষ্ট বন্দর দপ্তর ও বাংলাদেশ সচিবালয়, ভবন নং-৬, ৮ম তলা, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের কক্ষ নং-৮০১(ক) এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের দপ্তরে নির্ধারিত তারিখ বেলা ১০-০০ ঘটিকা হতে ১৪-০০ ঘটিকা পর্যন্ত টেন্ডার দাখিল করা যাবে। ঐ সময়ের পর কোন টেন্ডার গৃহীত হবে না। ঐ দিনই সকল স্থানে ১৪-১৫ ঘটিকায় টেন্ডার দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার খোলা হবে।
- ৩। ডাকযোগে বা বিলম্বে প্রাপ্ত টেন্ডার গ্রহণ করা হবে না বরং না খুলে (Unopened) ফেরৎ দেয়া হবে। তাছাড়া অসম্পূর্ণ টেন্ডারও গ্রহণযোগ্য হবে না।
- ৪। ইজারা প্রদান পদ্ধতি অনুযায়ী কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন টেন্ডার বা সকল টেন্ডার বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ শফিকুল হক)

পরিচালক

বন্দর ও পরিবহন বিভাগ

ফোন নং-৯৫৫২৬৭৩, ফ্যাক্সঃ +৮৮-০২-৪৭১১৬৬৮৭

e-mail : shafiqbiwta@gmail.com

স-২১০৩ (৫×৩)